# যশোর বোর্ড-২০১৯

## ফিন্যান্স ও ব্যাংকিং

বিষয় কোড : | ১ | ৫ | ২ |

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম ৩টি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম ৩টি করে প্রশ্ন নিয়ে মোট ৭টি প্রশ্নের উত্তর দাও।]*

### ফিন্যান্স অংশ

১.▶ মাহিম একজন ক্ষুদ্র বিনিয়োগকারী। তিনি ২০ লক্ষ টাকা পুঁজি নিয়ে শেয়ার ব্যবসা শুরু করেন। তিনি সমুদয় অর্থ নিয়ে 'A' কোম্পানির শেয়ার ক্রয় করেন। কিন্তু হঠাৎ শেয়ারের দরপতন হলে মাহিমের লাভের পরিবর্তে মূলধন হ্রাস পেল। এমতাবস্থায় তিনি একজন বিনিয়োগ পরামর্শদাতার কাছে গেলে মাহিমকে পরবর্তীতে একাধিক প্রকল্পে বিনিয়োগ করার পরামর্শ দেন।


ক. অর্থায়ন বিকাশের মূল চারণভূমি কোথায়? ১

খ. ব্যবসায়ের মূল চালিকা শক্তি কী? ব্যাখ্যা করো। ২

গ. মাহিমের বিনিয়োগে অর্থায়নের কোন নীতিটি লঙ্ঘিত হয়েছে— ব্যাখ্যা করো। ৩

ঘ. মাহিমকে একাধিক প্রকল্পে বিনিয়োগের পরামর্শ কতটা যৌক্তিক বলে তুমি মনে করো? বিশ্লেষণ করো। ৪

২.▶




ক. লিজিং কী? ১

খ. ক্ষুদ্র ঋণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে একটি ব্যবসায় প্রতিষ্ঠান কীভাবে নিয়মিত লভ্যাংশ দেয়? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে ভবিষ্যতের আর্থিক বিপর্যয় মোকাবেলায় অবণ্টিত মুনাফা ও সঞ্চিতি তহবিলের ভূমিকা বিশ্লেষণ করো। ৪

৩.▶ সম্প্রতি হানিফ সাহেব ব্যবসায় করার উদ্দেশ্যে ব্যাংক থেকে ১০% সুদে ১০ লক্ষ টাকা ঋণ নিয়েছেন। শর্তমতে তাকে প্রতি ৪ মাস অন্তর সুদ পরিশোধ করতে হবে। হানিফ সাহেবের দুটি প্রকল্পে বিনিয়োগের সুযোগ আছে। X প্রকল্প থেকে আগামী ৫

Teachingbd24.com

https://teachingbd24.com

বছরে সম্ভাব্য আয়ের হার যথাক্রমে ২০%, ১৫%, −১০%, ৫% এবং ২৫%। অন্যদিকে Y প্রকল্পের আগামী ৫ বছরের সম্ভাব্য গড় আয় ১৫% এবং আদর্শ বিচ্যুতি ১৪.২০%।

ক. প্রত্যাশার বাইরে কোনো কিছু ঘটার সম্ভাবনাকে কী বলে? ১

খ. ঝুঁকিমুক্ত আয় বলতে কী বোঝা? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক ঋণের প্রকৃত সুদের হার (EAR) নির্ণয় করো। ৩

ঘ. ঝুঁকি বিবেচনায় হানিফ সাহেবের কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত? তোমার মতামত দাও। ৪

**৪.** মি. শ্যামল সম্প্রতি চাকরি থেকে অবসর নেন এবং তার অবসরের ২৫,০০,০০০ টাকা 'ক' ব্যাংকে ১০ বছরের জন্য স্থায়ী হিসাবে রাখার সিদ্ধান্ত নেন। ব্যাংক তাকে ১২% হারে সুদ দিবে বলে জানায়। অপরদিকে 'খ' ব্যাংক তাকে ১৫% হারে মাসিক চক্রবৃদ্ধিতে সুদ দিবে বলে প্রস্তাব দেয়।

ক. কোনো আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেওয়ার পূর্বে কী বিবেচনা করতে হয়? ১

খ. রুল '৭২' কী? ব্যাখ্যা করো। ২

গ. মি. শ্যামল 'ক' ব্যাংক থেকে ১০ বছর পর কত টাকা পাবেন? ৩

ঘ. মি. শ্যামলের কোন ব্যাংকে টাকা রাখা অধিক লাভজনক? বিশ্লেষণ করো। ৪

**৫.** ফাবিহা এন্ড কোং ৪০,০০,০০০ টাকা দিয়ে জাপান থেকে পণ্য উৎপাদনের জন্য কয়েকটি মেশিন আমদানি করেন। মেশিনগুলো ৫ বছর মেয়াদি এবং এদের বাৎসরিক অবচয় ৮,০০,০০০ টাকা। আগামী ৫ বছর মেশিনগুলো থেকে প্রাপ্য নিট মুনাফা নিম্নরূপ–

| বছর | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম |
|---|---|---|---|---|---|
| নিট মুনাফা | ৪,০০,০০০ | ৫,০০,০০০ | ৬,০০,০০০ | ৭,০০,০০০ | ৮,০০,০০০ |

ক. মূলধন বাজেটিং কোন ধরনের সিদ্ধান্ত? ১

খ. পণ্য বৈচিত্রায়ন কী? ব্যাখ্যা করো। ২

গ. ফাবিহা এন্ড কোং-এর গড় মুনাফার হার নির্ণয় করো। ৩

ঘ. তুমি কি মনে করো উদ্দীপক থেকে ফাবিহা এন্ড কোং-এর বিনিয়োগকৃত অর্থ ৩.৫ বছরের মধ্যে ফেরত আসবে? তোমার মতামত গাণিতিকভাবে উপস্থাপন করো। ৪

**৬.** ▶ ফারহানা লি.-এর মোট মূলধন ১০ লক্ষ টাকা। সাধারণ শেয়ার ব্যয় ১৫%, ঋণপত্রের ব্যয় ১০% এবং অগ্রাধিকার শেয়ারের লভ্যাংশের হার ১০%। মোট মূলধনের বিভিন্ন উৎসের স্তরবিন্যাস নিম্নরূপ–

| উৎস | পরিমাণ (টাকা) |
|---|---|
| সাধারণ শেয়ার | ৫,০০,০০০ |
| অগ্রাধিকার শেয়ার | ৩,০০,০০০ |
| ঋণপত্র | ২,০০,০০০ |


প্রতিটি অগ্রাধিকার শেয়ারের লিখিত মূল্য ও বাজারমূল্য যথাক্রমে ১০০ টাকা ও ১২০ টাকা। কোম্পানির করের হার ৩০%।

Teachingbd24.com

ক. মূলধন ব্যয় কী? ১
খ. সংরক্ষিত আয়ের ব্যয় নেই কেন? ব্যাখ্যা করো। ২
গ. অগ্রাধিকার শেয়ার ব্যয় ও ঋণপত্রের ব্যয় নির্ণয় করো। ৩
ঘ. ফারহানা লি.-এর গড় মূলধন ব্যয় নির্ণয় করো। ৪

## ব্যাংকিং অংশ

৭. জনাব মাহমুদ আলী একটি স্বনামধন্য স্কুলের ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ের শিক্ষক। তিনি মনে করেন ব্যাংক ও মুদ্রা একে অপরের পরিপূরক। ব্যাংক ও মুদ্রা সম্পর্কে শিক্ষার্থীদের জ্ঞানদানের জন্য নিচের ছকটি প্রদর্শন করেন—




ক. চেইন ব্যাংকের মূল উদ্দেশ্য কী? ১
খ. মুদ্রাকে বিনিয়োগের মাধ্যম বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. জনাব মাহমুদ আলী উপরের চিত্রটি দিয়ে কিসের সম্পর্ক বুঝিয়েছেন? বর্ণনা করো। ৩
ঘ. 'ব্যাংকিং ব্যবস্থায় মুদ্রার প্রয়োজনীয়তা অপরিহার্য'— উদ্দীপকের আলোকে উক্তিটি মূল্যায়ন করো। ৪

৮. ▶ অর্থকে কেন্দ্র করে ব্যাংকিং ব্যবসায় গড়ে উঠে এবং তা পরিচালিত হয় গ্রাহককে কেন্দ্র করে। ব্যাংক গ্রাহকের প্রতি যথাযথ দায়িত্ব পালনের মাধ্যমে মুনাফা অর্জন করে থাকে।

ক. ব্যাংক গ্রাহককে কখন টাকা ফেরত দেয়? ১
খ. ব্যাংকিং ব্যবসায়ের মূলভিত্তি কোনটি? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের আলোকে গ্রাহকের প্রতি ব্যাংকের দায়িত্ব বর্ণনা করো। ৩
ঘ. তুমি কি মনে করো "ব্যাংক ও গ্রাহকের মধ্যে বিদ্যমান সুসম্পর্কই অর্থনৈতিক উন্নয়নের হাতিয়ার"? বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৯.▶ 'ক' ব্যাংক জনগণের কাছ থেকে স্বল্প হার সুদে অর্থ আমানত হিসেবে গ্রহণ করে এবং সে আমানত অন্যান্য ব্যক্তি বা ব্যবসায়ী প্রতিষ্ঠানকে অধিক সুদে ঋণ হিসাবে প্রদান করে। বর্তমানে জামাল নামে একজন ব্যবসায়ী উক্ত ব্যাংকে ১০ লক্ষ টাকা ঋণের জন্য আবেদন করেন। তিনি ঋণ পরিশোধ করতে সক্ষম তবে ঋণ গ্রহণের সময় একজন মক্কেল হিসেবে যে সকল তথ্যাদি দেওয়ার কথা তা দেখে ব্যাংক কর্মকর্তার কাছে সন্দেহজনক মনে হয়।

ক. বাণিজ্যিক ব্যাংকের আয়ের প্রধান উৎস কোনটি? ১
খ. কোন ব্যাংককে ঋণের শেষ আশ্রয়স্থল বলা হয়? কেন? ২
গ. 'ক' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যক্তিকে ঋণ প্রদান করার সময় 'ক' ব্যাংকের কর্মকর্তাকে ব্যাংকের কোন নীতিটি বিবেচনা করা উচিত বলে তুমি মনে করো? সপক্ষে যুক্তি দাও। ৪

১০.▶ জনাব রাজন সাহেব একজন দক্ষ ব্যবসায়ী। তিনি সাধারণত নগদে পণ্য কেনাবেচা করেন। ব্যবসায়ের আয়তন বেড়ে যাওয়ায় সম্প্রতি পণ্য ক্রয়-বিক্রয় করতে গিয়ে তাকে বড় অঙ্কের টাকা বহন করতে হয়। এতে তিনি নিরাপত্তাহীনতায় ভোগেন। তাই তিনি ব্যাংকে একটি হিসাব খোলার কথা ভাবছেন।

ক. A. T. M-এর পূর্ণরূপ কী? ১
খ. কোন চেক অধিকতর নিরাপদ? ব্যাখ্যা করো। ২
গ. জনাব রাজনের জন্য কোন ধরনের ব্যাংক হিসাব খোলা উপযোগী হবে? বর্ণনা করো। ৩
ঘ. "ব্যাংক জনাব রাজন সাহেবের মতো ব্যবসায়ীদের কাজ অনেক সহজ করে দেয়"– উক্তিটি মূল্যায়ন করো। ৪

১১. শোভন সাহেবের ব্যাংকে একটি হিসাব রয়েছে। একদিন মাঝ রাতে তার বাবা হঠাৎ অসুস্থ হয়ে যাওয়ায় হাসপাতালে ভর্তি করতে হলো। ঐ মুহূর্তে তার কাছে নগদ অর্থ এবং ব্যাংক হিসাবেও পর্যাপ্ত টাকা ছিল না। তবে ব্যাংকের বিশেষ সেবার মাধ্যমে টাকা সংগ্রহ করে বাবার চিকিৎসার কাজ সম্পন্ন করেন।

ক. ব্যাংক ব্যবসায়ে তহবিলের মূল উৎস কোনটি? ১
খ. চাকরিজীবীদের জন্য ব্যাংকের কোন হিসাবটি প্রযোজ্য? ২
গ. শোভন সাহেব ব্যাংকের কোন সেবার মাধ্যমে বাবার চিকিৎসা সম্পন্ন করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. শোভন সাহেবের ক্ষেত্রে ব্যাংক আমানতের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

# ফিন্যান্স ও ব্যাংকিং

সময়— ৩০ মিনিট   পূর্ণমান— ৩০   **বহুনির্বাচনি অভীক্ষা**   বিষয় কোড: | ১ | ৫ | ২ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. শেয়ার ক্রয়-বিক্রয়ের প্রতিষ্ঠানটি কি নামে পরিচিত?**
ক শেয়ার বাজার   খ সেকেন্ডারি বাজার
গ স্টক এক্সচেঞ্জ   ঘ সিকিউরিটি এক্সচেঞ্জ

**২. 'XL' কোম্পানি ১৫% সুদের হারে ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে। কর হার ৫০% হলে, ঋণ মূলধনি ব্যয় কত?**
ক ১.৫০%   খ ৫.০০%
গ ৭.৫০%   ঘ ৮.৫০%

**৩. ২০,০০০ টাকা বিনিয়োগ করে কোন প্রকল্প হতে আগামী ৬ বছর ৪,০০০ টাকা করে আন্তঃপ্রবাহ প্রাক্কলন করা হলে, প্রকল্পটির পে-ব্যাক সময় কত হবে?**
ক ৩ বছর   খ ৪ বছর
গ ৫ বছর   ঘ ৬ বছর

**৪. মুক্তিযুদ্ধের পরবর্তী সময়ে বাংলাদেশে বিভিন্ন ব্যাংকের মোট কতটি শাখা কর্মরত ছিল?**
ক ১০৯০টি   খ ১১৯০টি
গ ১২৯০টি   ঘ ১৩৯০টি

**৫. ভারত অঞ্চলে প্রথম আধুনিক ব্যাংকের নাম—**
ক ব্যাংক অব ইন্ডিয়া
খ রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া
গ দি হিন্দুস্তান ব্যাংক
ঘ স্টেট ব্যাংক অব ইন্ডিয়া

**৬. ব্যাংকের মালিক ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রেক্ষাপটে ব্যাংকের উদ্দেশ্যাবলি হলো—**
i. মূলধন গঠন   ii. সুনাম অর্জন
iii. সামাজিক অবদান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।**
অমিত চীনে পড়াশুনা করতে গিয়ে দেখল, সেখানে শিক্ষার্থীদের সঞ্চয়ের জন্য একটি বিশেষ ব্যাংক সঞ্চয় বাক্স সরবরাহ করে। শিক্ষার্থীরা এতে টাকা-পয়সা জমা করে থাকে।

**৭. এখানে কোন ব্যাংকের দিকে ইঙ্গিত করা হয়েছে?**
ক বিনিয়োগ ব্যাংক   খ স্টুডেন্ট ব্যাংক
গ ভোক্তাদের ব্যাংক   ঘ স্কুল ব্যাংক

**৮. উদ্দীপকের ইঙ্গিতকৃত ব্যাংক সম্পর্কিত আরো তথ্য হলো—**
i. আমাদের দেশে এর জনপ্রিয়তা ব্যাপক
ii. আমাদের দেশে ১৯৬০ সালে এ ব্যাংক প্রতিষ্ঠিত হয়েছিল
iii. ছাত্র-ছাত্রীগণ এর গ্রাহক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ ii ও iii
গ i ও iii   ঘ i, ii ও iii

**৯. সরকারের ঋণ গ্রহণের উৎস কোনটি?**
ক ADB   খ ICB
গ PPP   ঘ BCIC

**১০. নিচের কোন প্রতিষ্ঠানটির অর্থায়ন প্রক্রিয়া ভিন্ন ধরনের?**
ক 'খান' হোটেল এন্ড রেস্টুরেন্ট
খ 'সখ' বুটিক শপ
গ 'শাপলা' সমবায় সমিতি
ঘ কোহিনুর কেমিক্যালস লি.

**১১. ঝুঁকির সৃষ্টি হয়—**
i. সামাজিক প্রেক্ষাপটের পরিবর্তনে
ii. আকস্মিক দুর্ঘটনার কারণে
iii. বাজারে নতুন পণ্যের উপস্থিতিতে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

**১২. ধাপে ধাপে উদ্দেশ্য অর্জনের ভিত্তিতে প্রদান করা হয় কোন ঋণ?**
ক 'কৃষি' ঋণ   খ 'শিল্প' ঋণ
গ 'শিক্ষা' ঋণ   ঘ গবেষণা ঋণ

**১৩. ব্যাংক ঋণের বৈশিষ্ট্য কয়টি?**
ক ২   খ ৩
গ ৪   ঘ ৫

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. আশিক উত্তরা ব্যাংক থেকে ৭% হারে ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে ৪,০০০ টাকা ঋণ নিলেন।

**১৪. মি. আশিককে ৫ বছর পর কত টাকা ফেরত দিতে হবে?**
ক ৪,৩৬২ টাকা   খ ৪,৯২৭ টাকা
গ ৫,১৮৯ টাকা   ঘ ৫,৬৫৯ টাকা

**১৫. মি. আশিককের প্রকৃত সুদের হার কত হবে?**
ক ১৭.১৯%   খ ১৭.২৯%
গ ২৮.১৯%   ঘ ৩১.০৮%

**১৬. বাণিজ্যিক ব্যাংক বিনিময়ের মাধ্যম হিসেবে প্রচলন করে কোনটি?**
ক ডিবেঞ্চার   খ সঞ্চয়পত্র
গ প্রাইজবন্ড   ঘ হুন্ডি

https://teachingbd24.com

**১৭. বাণিজ্যিক ব্যাংকের ব্যয়ের খাত কোনটি?**

ক) প্রত্যয়পত্র  খ) বিমা প্রিমিয়াম
গ) লকার ভাড়া  ঘ) বিল বাট্টাকরণ

**১৮. হাবিব সাহেব হজ্জে যাওয়ার নিয়ত করলেন এবং প্রতি মাসে ৫,০০০ টাকা করে জমাতে চাইলেন। তার জন্য উপযুক্ত হিসাব খুলতে হবে নিচের কোনটি?**

ক) সঞ্চয়ী হিসাব
খ) বিমা সঞ্চয়ী হিসাব
গ) ডিপোজিট পেনশন স্কিম হিসাব
ঘ) রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাব

**১৯. আধুনিক ও ইলেকট্রনিক ব্যাংকিং ব্যবস্থা—**

i. এসএমএস ব্যাংকিং
ii. প্রত্যন্ত অঞ্চলে স্বল্প সময়ে অর্থ স্থানান্তর করা যায়
iii. এর সেবা বাংলাদেশে সস্তা ও সহজলভ্য

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**২০. ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র কী?**

ক) চুক্তিবন্ধ সম্পর্ক
খ) সততা ও নিষ্ঠা
গ) আইনগত ও গোপনীয়তা
ঘ) আস্থা ও বিশ্বাস

**২১. কৃষকদের সাহায্যার্থে কেন্দ্রীয় ব্যাংক প্রত্যক্ষ নিয়ন্ত্রণে যেসব কাজ করে তা হলো—**

i. সুদবিহীন ঋণ প্রদান
ii. কৃষি ব্যাংক স্থাপন
iii. কৃষি ঋণ কার্যক্রম গ্রহণ

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**২২. বিনিয়োগ ব্যাংকের কাজ কী?**

ক) বৈদেশিক মুদ্রা বিনিময়
খ) এক্সপোর্ট ফিন্যান্স
গ) ব্রিজ ফিন্যান্স
ঘ) কারখানা ফিন্যান্স

**২৩. বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নরের সংখ্যা—**

ক) ২ জন  খ) ৪ জন
গ) ৬ জন  ঘ) ৮ জন

**২৪. 'আদর্শ বিচ্যুতি' ব্যবহার করে ঝুঁকি পরিমাপ করার পদ্ধতিটি কোন পদ্ধতি?**

ক) হিসাব বিজ্ঞানিক  খ) ফিন্যান্সিক
গ) পরিসংখ্যানিক  ঘ) গাণিতিক

**২৫.**

| বছর | আয় % |
|---|---|
| ১ম | ১০ |
| ২য় | ১৩ |
| ৩য় | ১৬ |

**উপরের সারণির আলোকে গড় আয় কত হবে?**

ক) ১০%  খ) ১১%
গ) ১২%  ঘ) ১৩%

**২৬. দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের উপর নির্ভর করে—**

i. ব্যবসায় প্রতিষ্ঠানের পরিকল্পনা
ii. ব্যবসায় প্রতিষ্ঠানের সাফল্য
iii. ব্যবসায় প্রতিষ্ঠানের টিকে থাকা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**২৭. একজন কমলার জুস প্রস্তুতকারীর কমলার জুসের পাশাপাশি আম ও আঙ্গুরের জুস বাজারে প্রচলনের ক্ষেত্রে যে সব সিদ্ধান্ত নিতে হবে, তা হলো—**

i. সম্ভাব্য নগদ প্রবাহ
ii. পণ্যের উৎপাদন খরচ
iii. পণ্যের উপযোগিতা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**২৮. পাবলিক লি. কোম্পানি সাধারণত দীর্ঘমেয়াদি বিনিয়োগ সুযোগ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থ কয়টি উৎস থেকে সংগ্রহ করে?**

ক) ২  খ) ৪
গ) ৬  ঘ) ৮

**২৯. নিচের কোনটির বৈশিষ্ট্য আলাদা?**

ক) পুঞ্জীভূত মুনাফা
খ) অবণ্টিত মুনাফা
গ) সংরক্ষিত তহবিল
ঘ) শেয়ার মূলধন

**৩০. অগ্রাধিকার শেয়ার বিক্রয় কোন ধরনের তহবিল?**

ক) অভ্যন্তরীণ  খ) অবণ্টিত
গ) বহিস্থ  ঘ) সঞ্চিতি

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | গ | ৩ | গ | ৪ | ক | ৫ | গ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | ঘ |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | গ |

https://teachingbd24.com